

অধ্যক্ষ,
ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল নার্সিং কলেজ

বিষয় :- এম.এসসি ইন নার্সিং ২য় সেমিস্টার ফাইনাল পরীক্ষা সেপ্টেম্বর-২০২৩ এর ফরমপূরণ ও ফিস জমা দেওয়া প্রসংগে।

জনাব,

এম.এসসি ইন নার্সিং ২য় সেমিস্টার ফাইনাল সেপ্টেম্বর-২০২৩ পরীক্ষায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক আপনার কলেজের পরীক্ষার্থীদের ফরমপূরণ ও ফিস বিনা বিলম্ব ফিসে আগামী ০৩/০৯/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ স্ব-স্ব-কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। “www.ducmc.com” এই লিংকে প্রবেশ করিয়া ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ০৩/০৯/২০২৩ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস জমা নেওয়া সম্ভব হইবে না।

পরীক্ষার ফিস ও অন্যান্য ফিসের হার

- (ক) এম.এসসি ইন নার্সিং পরীক্ষার ফিস-----৯,০০০/০০ টাকা।
 (খ) প্রতি পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস-----৪৫০/০০ টাকা।
 (গ) প্রতি পরীক্ষার্থীর রিটেনশন ফিস-----৭৫০/০০ টাকা।
 (ঘ) প্রতি পরীক্ষার্থীর কেন্দ্র ফিস-----৩০০০/০০ টাকা।

নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম ও ফিস দাখিল করিতে হইবে :

- ১। দেয় ফিসের টাকা “**Fees from the Constituent College**” এই শিরোনামে পে-অর্ডার/ডিডি তৈয়ার করিয়া জমা দিতে হইবে। পে-অর্ডার/ডিডি অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হইতে হইবে।
- ২। যে সকল পরীক্ষার্থী দ্বিতীয় বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীকে “**Irregular**” পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস পরিশোধ করিতে হইবে।
- ৩। যে সকল পরীক্ষার্থী প্রথম বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীকে “**Regular**” পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস পরিশোধ করিতে হইবে না।
- ৪। পরীক্ষার্থী অনলাইনে ফরমপূরণের পর পূরণকৃত ফরম ডাউনলোড করিতে হইবে। ডাউনলোডকৃত ফরমে পরীক্ষার্থী স্বাক্ষর করিয়া কলেজে জমা দিতে হইবে।
- ৫। প্রত্যেক বিষয়ের ক্লাশে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। পরীক্ষার্থীরা অনলাইন ফরমপূরণ সম্পন্ন করার পর পরীক্ষার্থীর নাম, তাহাদের পূর্ববর্তী পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটের সঙ্গে যাচাই করিতে হইবে এবং অনলাইনে পরীক্ষার্থীর “**No. of lectures**”, “**No. of demonstartions**”, “**Practical & Clinical Classes**”, “**Tutorials**”, “**Remarks**” ঘরসমূহ পূরণ করিয়া কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীকে “**Verify**” করিবেন।
- ৬। কলেজ কর্তৃক “**Verify**” কৃত পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষার্থী হিসেবে গণ্য হইবে। শুধু তাহারা “**Admit Card**” ডাউনলোড করিতে পারিবে। ডাউনলোডকৃত “**Admit Card**” কলেজের অধ্যক্ষ মহোদয় সত্যায়িত করিয়া পরীক্ষার্থীদের নিকট হস্তান্তর করিবেন।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

- ৭। ফরমে উল্লেখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে/বিষয়সমূহে পরীক্ষায় অংশ গ্রহণ করিলে প্রদত্ত পরীক্ষা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৮। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস জমা দেওয়া যাইবে না।
- ৯। কলেজের অধিভুক্তি নবায়নের ফটোকপি সত্যায়িত করিয়া জমা দিতে হইবে।
- ১০। ফিস দাখিলের ক্ষেত্রে ডাকযোগে না পাঠাইয়া কলেজের লোক মারফত অত্র অফিসে দাখিল করিতে হইবে। এই জন্য কোন টি.এ./ডি.এ. দেওয়া হইবে না।
- ১১। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে ডিডি/পে-অর্ডার জমা দিতে হইবে এবং ফিসের হিসাবের বিস্তারিত বিবরণ উল্লেখ করিতে হইবে।
- ১২। সোনালী, জনতা, অগ্রণী ও ডাচ বাংলা ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের ডিডি/পে-অর্ডার জমা দেওয়া যাইবে না।
- ১৩। প্রশাসনিক কাজের সুবিধার্থে সকল পরীক্ষার্থীর ফিস একবারে প্রেরণ করিতে হইবে। ফিস বার বার প্রেরণ করা যাইবে না।
- ১৪। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে প্রত্যেক পরীক্ষার্থীর এন্ট্রি ফরম বাবদ জনপ্রতি ১০০/- (একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “**Controller of Examinations (33011288)**” শিরোনামে অত্র অফিসে জমাদানের জন্য অনুরোধ করা যাইতেছে। নগদ/চেক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না।

প্রশাসনিক ভবন,
ঢাকা বিশ্ববিদ্যালয়।

আপনার বিশস্ত
স্বাক্ষর/-
(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়

মেমো নং- ১৯৭৩/মে. সে./প./৩৩৫

তারিখঃ ২২/০৮/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

- ১। মাননীয় ডিন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।



(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়।